**বাজেট অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

বিষয়: বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) সভার কার্যবিবরণী।

সভাপতি : সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তারিখ : ২৮ এপ্রিল ২০২৪ খ্রি:
সময় : বিকাল ৩:০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ (কক্ষ নং: ৬১০-৬১২)

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পরিশিষ্ট 'ক'**- তে সংযোজিত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) কে সভার আলোচ্যসূচি উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) সভায় উল্লেখ করেন যে, অদ্যকার বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) সভা মন্ত্রণালয় এবং এর অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন সংক্রান্ত। এ বিষয়ে গত ৪ এপ্রিল ২০২৪ তারিখে অর্থ বিভাগ থেকে বাজেট পরিপত্র-২ জারী করা হয় এবং উক্ত পরিপত্রের গাইড লাইনস অনুযায়ী বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ চূড়ান্তকরত আগামী ২৯ এপ্রিল, ২০২৪ তারিখের মধ্যে iBAS++ এ এন্ট্রিকরণ ও অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণের জন্য অনুশাসন প্রদান করা হয়। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) সভার এ পর্যায়ে ২২/৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG) সভায় গৃহীত সুপারিশসমূহ ধাপে ধাপে আলোচনা করেন।

২.০ অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) আরো জানান যে, অর্থ বিভাগের গত ০৪ এপ্রিল, ২০২৪ তারিখে জারিকৃত বাজেট পরিপত্র-২ অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থবছরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অনুকূলে রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন করা হয় ১০০.০০ কোটি (একশত কোটি) টাকা এবং পরিচালন ব্যয় খাতে ২২৬৮৪.০০ কোটি (বাইশ হাজার ছয়শত চুরাশি কোটি) টাকা ও উন্নয়ন ব্যয় খাতে ১৬১৩৫.৫২ কোটি (ষোল হাজার একশত পঁয়ত্রিশ কোটি বায়ান্ন লক্ষ) টাকাসহ মোট ৩৮৮১৯.৫২ কোটি (আটত্রিশ হাজার আটশত উনিশ কোটি বায়ান্ন লক্ষ) টাকার বাজেট প্রাক্কলন করা হয়।

৩.০ অর্থ বিভাগের ১৯ ডিসেম্বর, ২০২৩ তারিখে জারিকৃত বাজেট পরিপত্র-১ অনুযায়ী ৫২৫.২২ কোটি (পাঁচশত পঁচিশ কোটি বাইশ লক্ষ) টাকার রাজস্ব প্রাপ্তি এবং ৩৮১৮০.৩৬ কোটি (আটত্রিশ হাজার একশত আশি কোটি ছত্রিশ লক্ষ) টাকার ব্যয়সীমা প্রাক্কলন করা হয়। অর্থ বিভাগ কর্তৃক গত ২৯/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার সুপারিশ অনুযায়ী বাজেট পরিপত্র-২ এ ১০০.০০ কোটি (একশত কোটি) টাকার রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন এবং ৩৮৮১৯.৫২ কোটি (আটত্রিশ হাজার আটশত উনিশ কোটি বায়ান্ন লক্ষ) টাকার ব্যয়সীমা প্রাক্কলন করা হয় যা বাজেট পরিপত্র-১ অপেক্ষা যথাক্রমে ৪২৫.২২ কোটি (চারশত পঁচিশ কোটি বাইশ লক্ষ) টাকা কম এবং ৬৩৯.১৬ কোটি (ছয়শত উনচল্লিশ কোটি ষোল লক্ষ) টাকা বেশি।

৪.০ অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) সভাকে আরো অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থবছরে অর্থ বিভাগ কর্তৃক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য পরিচালন বাজেটের সিলিং নির্ধারণ করা হয়েছে ২২৬৮৪.০০ কোটি টাকা যার মধ্যে বড় অংশ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জন্য ২২৪১৯.৩২ কোটি টাকা, মন্ত্রণালয়ের নিজস্ব বাজেট ১৩০.২০ কোটি (যার মধ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষন ইউনিট এর জন্য ৫.২৭ কোটি, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এর জন্য ১৩.০০ কোটি ও শিশু কল্যাণ ট্রাস্ট এর জন্য ৪৮.০০ কোটি টাকা) এবং উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জন্য ১৩৪.৪৮ কোটি টাকা।

৫.০ সভায় এ পর্যায়ে মন্ত্রনালয়ের বাজেট কাঠামো (MBF) হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রনালয়ের বাজেট কাঠামো (MBF) এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ভিশন, মিশন ও প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (KPI) সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্চনীয় বলে সভাপতি মতামত ব্যক্ত করেন। সভাপতি এ বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে মন্ত্রনালয়ের বাজেট কাঠামো (MBF) এর সংশ্লিষ্ট অংশ জরুরী

ভিত্তিতে হালনাগাদ করে এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, কর্মকর্তা/কর্মচারীগণের বদলিজনিত কারণে ক্ষেত্রবিশেষে iBAS++ সিস্টেমে নতুন কর্মস্থলে বেতন ভাতাদির ঘাটতি দেখা যায়। এক্ষেত্রে উক্ত কর্মকর্তা/কর্মচারীগণের বরাদ্দকৃত বাজেট নতুন কর্মস্থলে স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তর করা যায় কিনা সে বিষয়ে অর্থ বিভাগকে অনুরোধ করেন। অর্থ বিভাগের প্রতিনিধি বিষয়টি পরীক্ষান্তে পরবর্তীতে জানানো হবে মর্মে সভাকে আশ্বস্ত করেন। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র প্রতিনিধি তাদের জেলা কার্যালয়ের অফিসসমূহের জন্য নতুন কম্পিউটার সেটআপ ক্রয়ের নিমিত্ত বাজেট বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সভাপতি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র জেলা কার্যালয়ের অফিসের কম্পিউটারসমূহের inventory করে নতুন কম্পিউটার ক্রয়ের প্রয়োজন আছে কিনা তা যাচাই করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করেন। সভাপতি সভায় সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক শিক্ষাকে যুগোপযোগী করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। সভাপতি শিশু কল্যাণ ট্রাস্টের প্রতিনিধিকে শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত বিদ্যালয়সমূহের মধ্যে যে সকল বিদ্যালয়সমূহ জরাজীর্ণ সে সকল বিদ্যালয়সমূহের চেয়ার, টেবিল, আসবাবপত্র ও প্রয়োজনীয় মনিহারী ক্রয়ের নিমিত্ত বরাদ্দকৃত অর্থের পরিমাণ বৃদ্ধির নির্দেশনা প্রদান করেন।

৬.০ সভাপতি মন্ত্রণালয় এবং এর অধীনস্ত দপ্তর/সংস্থাভিত্তিক রাজস্ব প্রাপ্তি এবং প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং অর্থ বিভাগের সিলিং অনুযায়ী রাজস্ব আহরণের উদ্যোগ নেয়ার নির্দেশনা প্রদান করনে। পরবর্তীতে মন্ত্রণালয় এবং এর অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রক্ষেপণের চিত্র (উন্নয়ন বরাদ্দসহ) **সংযোজনী-১** এ সংযুক্ত করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত সিলিং এর আলোকে আগামী ২৯/৪/২০২৪ তারিখের মধ্যে iBAS++ এ বিনা ব্যর্থতায় খাতভিত্তিক যথাযথ অর্থনৈতিক কোড অনুসরণপূর্বক এন্ট্রি দেয়ার জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। মন্ত্রণালয় বা অন্যান্য দপ্তর/সংস্থার বাজেট (পরিচালন ও উন্নয়ন) বন্টনে আর কোনো সমস্যা নেই বলে সভায় উপস্থিত প্রতিনিধিগণ উল্লেখ করেন।

৭.০ বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অতিসত্বর মন্ত্রনালয়ের বাজেট কাঠামো (MBF) এর সংশ্লিষ্ট অংশ হালনাগাদ সংশোধন করে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(খ) মন্ত্রনালয়ের বাজেট কাঠামো (MBF) এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ভিশন, মিশন, কার্যাবলী ও প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (KPI) সামঞ্জস্য সাধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোকে জেলা কার্যালয়ের কম্পিউটারসমূহের inventory প্রস্তুতপূর্বক কতগুলো নতুন কম্পিউটার ক্রয়ের প্রয়োজনীয়তা রয়েছে তা উল্লেখ করে প্রতিবেদন আগামী ১৫ (পনের) দিনের মধ্যে করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(ঘ) শিশু কল্যাণ ট্রাস্টকে তার আওতাধীন জরাজীর্ণ বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের জন্য অর্থ বরাদ্দ প্রদান করতে হবে;

(ঙ) সকল দপ্তর/সংস্থাকে রাজস্ব প্রাপ্তি বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে; এবং

(চ) দপ্তর/সংস্থা কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রক্ষেপণে প্রদত্ত বরাদ্দ (রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমা) আগামী ২৯/৪/২০২৪ তারিখের মধ্যে iBAS++ এ বিনা ব্যর্থতায় খাতভিত্তিক যথাযথ অর্থনৈতিক কোড অনুসরণপূর্বক এন্ট্রি দিতে হবে।

৮.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯/০৪/২০২৪
(ফরিদ আহাম্মদ)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০৬.২০.১৪৬.১৯.১৩৭/১

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ২৯ এপ্রিল ২০২৪ বঙ্গাব্দ

বিতরণ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সদস্য (সিনিয়র সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২। সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩। সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

৪। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (বিদ্যালয়/প্রশাসন/বাজেট ও অডিট/উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও মূল্যায়ন ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৭। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৮। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৯। যুগ্মসচিব (পরিকল্পনা/বাজেট ও অডিট/প্রশাসন/বিদ্যালয়/উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা।
১১। উপসচিব (বাজেট-১ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। উপপ্রধান (শিক্ষা উইং), আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
১৩। সিনিয়র সহকারী সচিব (তদন্ত ও শৃঙ্খলা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৫ম তলা) সেগুনবাগিচা, ঢাকা।
১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। পরিসংখ্যান কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। অফিস কপি।

২৯/০৪/২৪

(মোঃ ইবাদত হোসেন)
উপসচিব (বাওঅ)

সংযোজনী - ১

## রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১২৪ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অর্থ বিভাগ কর্তৃক সিলিং) | ৫০৯.৯২ | ১০০.০০ | ১০৫.০০ | ১১০.০০ |

## মন্ত্রণালয়ের প্রস্তাবিত ব্যয়সীমা

(পরিচালন ও উন্নয়ন অংশের বিভাজন)

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | | বাজেট ২০২৩ -২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১২৪ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অর্থ বিভাগ কর্তৃক সিলিং) | পরিচালন | ২২৭০৩.৮৩ | ২২৬৮৪.০০ | ২৪৯৫২.৪০ | ২৭৪৪৭.৬৪ |
| | | উন্নয়ন | ১২০১৮.৪১ | ১৬১৩৫.৫২ (তন্মধ্যে বৈদেশিক ঋণ/অনুদান ৪৯০৩.৮২ কোটি টাকা) | ১৭৭৪৯.০৭ | ১৯৫২৩.৯৮ |
| | | **মোট** | **৩৪৭২২.২৪** | **৩৮৮১৯.৫২** | **৪২৭০১.৪৭** | **৪৬৯৭১.৬২** |

# প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও অধীন দপ্তর/সংস্থাসমূহের সম্ভাব্য রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

**(ক) সচিবালয়:**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | মন্ত্রণালয় | ৫,২৭.৯৯ | ১০৩.৩০ | ১০৮.৪১ | ১১৩.৫৫ |
| ২ | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | ০.২৭ | ০.৩০ | ০.৩৩ | ০.৩৬ |
| ৩ | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| ৪ | শিশু কল্যাণ ট্রাস্ট | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| | **মোট** | **৫,২৮.২৬** | **১,০৩.৬০** | **১,০৮.৭৪** | **১,১৩.৯১** |

**(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর:**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | প্রধান কার্যালয় | ৪৬৪,০৭.৯৫ | ৯১,০০.৯৯ | ৯৫,৫৬.০৭ | ১০০,১১.১৩ |
| ২ | বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস | ১,০০.০০ | ১৯.৬১ | ২০.৫৯ | ২১.৫৭ |
| ৩ | জেলা প্রাথমিক শিক্ষা অফিস | ৫,০০.০০ | ৯৮.০৫ | ১,০২.৯৬ | ১,০৭.৮৬ |
| ৪ | উপজেলা শিক্ষা অফিস | ৩,৮৫.০০ | ৭৫.৫০ | ৭৯.২৮ | ৮৩.০৫ |
| ৫ | মেট্রোপলিটন থানা শিক্ষা অফিস | ৫০.০০ | ৯.৮১ | ১০.৩০ | ১০.৭৯ |
| ৬ | উপজেলা রিসোর্স সেন্টার | ১০০.০০ | ১৯.৬১ | ২০.৫৯ | ২১.৫৭ |
| ৭ | থানা রিসোর্স সেন্টার | ৫০.০০ | ৯.৮১ | ১০.৩০ | ১০.৭৯ |
| ৮ | প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট | ১১০.০০ | ২১.৫৭ | ২২.৬৫ | ২৩.৭৩ |
| ৯ | সরকারি প্রাথমিক বিদ্যালয় | ২৪,১৯.৯৯ | ৪,৭৪.৫৮ | ৪,৯৮.৩১ | ৫,২২.০৪ |
| | **মোট** | **৫০১,২২.৯৪** | **৯৮,২৯.৫৩** | **১০৩,২১.০৫** | **১০৮,১২.৫৩** |

**(গ) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো:**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | প্রধান কার্যালয় | ১,৯২.৫০ | ৩৭.৭৫ | ৩৯.৬৪ | ৪১.৫৩ |
| ২ | জেলা কার্যালয়সমূহ | ১,৪৮.৪৮ | ২৯.১২ | ৩০.৫৭ | ৩২.০৩ |
| | **মোট** | **৩,৪০.৯৮** | **৬৬.৮৭** | **৭০.২১** | **৭৩.৫৬** |
| | **সর্বমোট (ক+খ+গ)** | **৫০৯,৯২.১৮** | **১০০.০০** | **১০৫.০০** | **১১০.০০** |

# <u>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/সংস্থাসমূহের পরিচালন বাজেটের প্রাক্কলন ও প্রক্ষেপণ</u>

## (ক) সচিবালয়:

(অংকসমূহ কোটি টাকায়)

| ক্রমিক নং | প্রাতিষ্ঠানিক কোড (বিবরণ) | বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৫ |
| ১ | সাধারণ কার্যক্রম: | | | | |
| | ১২৪০১০১১০৭৫২৭- সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ১৭.১৭ | ১৮.০০ | ১৯.৮১ | ২১.৮০ |
| | বিশেষ কার্যক্রম: | | | | |
| | ১২০০০০৮০১- সরকারি কর্মচারীদের জন্য ঋণ | ০.২৮ | ০.২৫ | ০.২৮ | ০.৩০ |
| | ১২০০০১৪১১-বাস্তবায়ন ও মনিটরিং সেল | ৪৯.৬৭ | ৪৫.১১ | ৪৯.৬১ | ৫৪.৫৮ |
| | ১২০০০১৪১২-শিক্ষা সপ্তাহ | ০.৫২ | ০.৪৭ | ০.৫২ | ০.৫৭ |
| | ১২০০০৮৪২১-গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম | ০.১০ | ০.১০ | ০.১১ | ০.১২ |
| | **বিশেষ কার্যক্রম উপমোট** | **৫০.৫৭** | **৪৫.৯৩** | **৫০.৫২** | **৫৫.৫৭** |
| | **মোট (সাধারণ+বিশেষ)** | **৬৭.৭৪** | **৬৩.৯৪** | **৭০.৩৩** | **৭৭.৩৭** |
| ২ | ১২৪০১০১১০৭৫২৮-বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | ৬.৫২ | ৫.২৭ | ৫.৭৯ | ৬.৩৮ |
| ৩ | ১৩১০০৪১০০-জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ৯.৩৪ | ১৩.০০ | ১৪.৩০ | ১৫.৭৩ |
| ৪ | ১৩২০১১৬০০- শিশু কল্যাণ ট্রাস্ট | ৪৪.৯৩ | ৪৮.০০ | ৫২.৮০ | ৫৮.০৬ |
| | **মোট (সচিবালয়)** | **১২৮.৫৩** | **১৩০.২০** | **১৪৩.২২** | **১৫৭.৫৪** |

## (খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর:

(অংকসমূহ কোটি টাকায়)

| ক্রমিক নং | প্রাতিষ্ঠানিক কোড (বিবরণ) | বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | সাধারণ কার্যক্রম: | | | | |
| | ১২৪০২০১-প্রধান কার্যালয়, সাধারণ কার্যক্রম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ১৪৫.০১ | ১৩৭.৪৮ | ১৫১.২৩ | ১৬৬.৩৫ |
| | বিশেষ কার্যক্রম: | | | | |
| | ১২০০০১৪০২- প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা | ৬৭.৪২ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | ১২০০০১৪১৩-বিনামূল্যে পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ | ৪৩৬.৮০ | ৪৪৭.১০ | ৪৯২.৮১ | ৫৪৩.০৯ |
| | ১২০০০১৪১৫- প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি | ২৫৬৯.২৪ | ১৭৮৫.০০ | ১৯৬৩.৫০ | ২১৫৯.৮৫ |
| | ১২০০০১৪১৬-প্রাথমিক বৃত্তি পরীক্ষা | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| | **বিশেষ কার্যক্রম উপমোট** | **৩০৮৩.৪৬** | **২২৪২.১০** | **২৪৬৬.৩১** | **২৭১২.৯৪** |
| | **মোট (সাধারণ+বিশেষ)** | **৩২২৮.৪৭** | **২৩৭৯.৫৮** | **২৬১৭.৫৪** | **২৮৭৯.২৯** |
| ২ | ১২৪০২০২-বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ | ১০.০৭ | ১০.৪০ | ১১.৪৪ | ১২.৫৮ |
| ৩ | ১২৪০২০৩-জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহ | ৫৪.৩৪ | ৫৭.৪৭ | ৬৩.২২ | ৬৯.৫৪ |
| ৪ | ১২৪০২০৪-উপজেলা শিক্ষা অফিসসমূহ | ৩৩০.৬৪ | ৩৪৩.৩৮ | ৩৭৭.৭২ | ৪১৫.৪৯ |
| ৫ | ১২৪০২০৫-মেট্রোপলিটন থানা শিক্ষা অফিসসমূহ | ১৬.৮৪ | ১৭.০৫ | ১৮.৭৬ | ২০.৬৩ |
| ৬ | ১২৪০২০৬-উপজেলা রিসোর্স সেন্টারসমূহ | ১০৩.৩৮ | ১০১.৮৬ | ১১২.০৫ | ১২৩.২৫ |
| ৭ | ১২৪০২০৭- থানা রিসোর্স সেন্টারসমূহ | ৬.০০ | ৬.৩৩ | ৬.৯৬ | ৭.৬৬ |
| ৮ | ১২৪০২০৮-প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউটসমূহ | ১০৫.৪৩ | ১১৩.০৮ | ১২৪.৩৯ | ১৩৬.৮৩ |
| ৯ | ১২৪০২০৯-সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ | ১৮৬৯০.৩৯ | ১৯৩৯০.১৭ | ২১৩২৯.১৭ | ২৩৪৬২.১১ |
| | **মোট (প্রাথমিক শিক্ষা অধিদপ্তর)** | **২২৫৪৫.৫৬** | **২২৪১৯.৩২** | **২৪৬৬১.২৫** | **২৭১২৭.৩৮** |

## (গ) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো:

(অংকসমূহ কোটি টাকায়)

| ক্রমিক নং | প্রাতিষ্ঠানিক কোড (বিবরণ) | বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ১২৪০৩০১-প্রধান কার্যালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ১২.৮৫ | ১১৬.৫০ | ১২৮.১৫ | ১৪০.৯৬ |
| | ১২৪০৩০২-জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কার্যালয়সমূহ | ১৬.৮৯ | ১৭.৯৮ | ১৯.৭৮ | ২১.৭৬ |
| | **মোট (উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো)** | **২৯.৭৪** | **১৩৪.৪৮** | **১৪৭.৯৩** | **১৬২.৭২** |
| | **সর্বমোট (ক+খ+গ)** | **২২৭০৩.৮৩** | **২২৬৮৪.০০** | **২৪৯৫২.৪০** | **২৭৪৪৭.৬৪** |



## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের উন্নয়ন বাজেটের প্রাক্কলন ও প্রক্ষেপণ

(কোটি টাকায়)

| ক্র: নং | প্রকল্পের নাম | বাজেট ২০২৩-২৪ | | | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | | | প্রক্ষেপণ ২০২৬-২৭ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্র. সা. | মোট | জিওবি | প্র. সা. | মোট | জিওবি | প্র. সা. | মোট | জিওবি | প্র. সা. | মোট |
| ১ | চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি ৪) | ৫৭৩৯.০০ | ২৮৪৭.০০ | ৮৫৮৬.০০ | ৭৭৭৪.১১ | ৪৮৮৮.৯৭ | ১২৬৬৩.০৮ | ৯৩০৭.৫৬ | ৫০০০.০০ | ১৪৩০৭.৫৬ | ১০১৯৬.১০ | ০.০০ | ১০১৯৬.১০ |
| ২ | চাহিদাভিত্তিক সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) | ১৩৫০.০০ | ০.০০ | ১৩৫০.০০ | ১২৫০.০০ | ০.০০ | ১২৫০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩ | চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) | ৪৫০.০০ | ০.০০ | ৪৫০.০০ | ৪৯৫.৫৯ | ০.০০ | ৪৯৫.৫৯ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ | ঢাকা মহানগরী ও পূর্বাচল সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ প্রকল্প | ৩০০.০০ | ০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | ০.০০ | ৩০০.০০ | ৩৫০.০০ | ০.০০ | ৩৫০.০০ | ৩৪৪.৭০ | ০.০০ | ৩৪৪.৭০ |
| ৫ | প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন প্রকল্প | ৩০.০০ | ০.০০ | ৩০.০০ | ৫২.০০ | ০.০০ | ৫২.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ | বাংলাদেশের ৫০৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কম্পিউটার ও ল্যাংগুয়েজ ল্যাব স্থাপন প্রকল্প | ০.৫০ | ৮.৭৭ | ৯.২৭ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ | কুড়িগ্রাম রৌমারী পিটিআই স্থাপন প্রকল্প | ০.০০ | ০.০০ | ০.০০ | ১০.০০ | ০.০০ | ১০.০০ | ১৫.০০ | ০.০০ | ১৫.০০ | ১৫.০০ | ০.০০ | ১৫.০০ |
| ৮ | প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ প্রকল্প (৪র্থ পর্যায়) | ৭৩.১৪ | ০.০০ | ৭৩.১৪ | ১৫০.০০ | ০.০০ | ১৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১০০.০০ | ৫৮.০০ | ০.০০ | ৫৮.০০ |
| ৯ | বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ১৪.৮৫ | ১৪.৮৫ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | থোক বরাদ্দ | ১২২০.০০ | ০.০০ | ১২২০.০০ | ১২০০.০০ | ০.০০ | ১২০০.০০ | ২৯৭৬.৫১ | ০.০০ | ২৯৭৬.৫১ | ৩৪২০.১৮ | ৫৪৯০.০০ | ৮৯১০.১৮ |
| | **সর্বমোট** | **৯১৬২.৬৪** | **২৮৫৫.৭৭** | **১২০১৮.৪১** | **১১২০১.৭০** | **৪৯০৩.৮২** | **১৬১০৫.৫২** | **১২৭৪৯.০৭** | **৫০০০.০০** | **১৭৭৪৯.০৭** | **১৪০৩৩.৯৮** | **৫৪৯০.০০** | **১৯৫২৩.৯৮** |

D:\A final budget\20.146.19 (BC2)\BC 2 Celing\বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ ২৪-২৫.docx

[illegible] হোসেন
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার